দৈনিক ইত্তেফাক ২০

তারিখ ... SEP. 1 0 1990 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬......

# অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার আহ্বান

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র দলের আহ্বায়ক মোহাম্মদ সেলিম ও সদস্য সচিব সুজা উদ্দিন গত ৩০শে আগষ্ট এক যুক্ত বিবৃতিতে অবিলম্বে বিশ্ববিদ্যালয় আন্তঃক্যাম্পাস বাস চালু ও বিশ্ববিদ্যলয় খুলিয়া দেওয়ার দাবী জানাইয়াছেন। ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক তরফা সিদ্ধান্তের প্রতিবাদে যখন বিভিন্ন ছাত্র সংগঠনের আন্দোলন তুঙ্গে এবং ছাত্রসংগঠনগুলির সংগে যখন সাধারণ ছাত্র-ছাত্রী ও তাহাদের প্রাণের দাবী আন্তঃক্যাম্পাস বাস চালুর জন্য ছাত্র-ছাত্রীরা একমত ঠিক সেই মুহূর্তে প্রশাসন ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধাইয়া বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। নেতৃবৃন্দ বলেন, এই সিদ্ধান্ত অমানবিক বিশ্ববিদ্যালয় বন্ধ করার মত কোন ঘটনাই আসলে ঘটে নাই।